



## ব্যবসায়িক অংশীদারদের জন্য তথ্য – সার্টিফিকেটে পরিবর্তন

রপ্তানিকৃত সকল কৃষিপণ্যের জন্য আমরা আমাদের এক্সপোর্ট সার্টিফিকেশন সিস্টেম উন্নত করছি।

এই উন্নয়নগুলো বাজারে প্রবেশের জন্য স্বীকৃত সত্যায়নের অর্থ এবং উদ্দেশ্যকে পরিবর্তন করবে না।

আপডেটগুলি সম্পর্কিত তথ্য আমাদের হাতে আসার সাথে সাথে এই পৃষ্ঠায় নিয়মিত যুক্ত করা হবে।

### রপ্তানি সনদ

আমাদের নতুন এক্সপোর্ট ডকুমেন্টেশন সিস্টেম – NEXDOC চালু হলে আমরা রপ্তানি সনদ পরিবর্তন করব। এই পরিবর্তনগুলো পন্যমাফিক ধাপে ধাপে করা হবে, যা ২০২১ সালের ১৭ মে থেকে দুগ্ধজাত পণ্য দিয়ে শুরু হবে।

বাকি পণ্যগুলোর জন্য সময়সীমা বিবেচনা করা হচ্ছে এবং নিশ্চিত হওয়ার পরে এই পেজে তালিকাভুক্ত করা হবে।

দুগ্ধজাত পণ্যের সনদের জন্য চার সপ্তাহের একটি স্থানান্তর সময়কাল থাকবে যেখানে ডিপার্টমেন্ট বর্তমানের রপ্তানি সনদ ব্যবস্থা (EXDOC) এবং নতুন NEXDOC সনদ ব্যবস্থা দুটোই ইস্যু করবে। মাল পরিবহনের সময়সীমার উপর ভিত্তি করে এমন সম্ভাবনা রয়েছে NEXDOC চালু হওয়ার ৮ সপ্তাহ পরেও কিছু কিছু সামুদ্রিক মালবাহী জাহাজের হয়ত EXDOC এর ইস্যু করা সার্টিফিকেট থাকবে।

পরিবর্তনগুলো হলঃ

- পারস্পরিকভাবে সম্মত স্বীকৃতিতে ডিপার্টমেন্ট এর পূর্বের নামের পরিবর্তে অস্ট্রেলিয়ান গভার্নমেন্ট নামটি ব্যবহার করা।
- তাৎক্ষণিকভাবে সনদের সত্যতা যাচাইয়ের জন্য একটি অনন্য কুইক রেস্পন্স (কিউআর) কোড যুক্ত করা
- সনদের যেখানে তথ্য থাকে সেখানে ছোটখাটো কিছু পরিবর্তন করা।
- সাধারণ কাগজে সনদ ইস্যু করা। QR কোড যুক্ত করার অর্থ হল নীল রঙের সুরক্ষা কাগজের আর প্রয়োজন নেই।

### সংযুক্ত কুইক রেস্পন্স (QR) কোড

নতুন সাধারণ কাগজের সনদে একটি অনন্য QR কোড থাকবে। এটি আলাদাভাবে যুক্ত একটি সুরক্ষা ব্যবস্থা।

সনদের একটি সারসংক্ষেপ এবং নীচের তথ্যগুলো দেখার জন্য ব্যবহারকারীরা QR কোডটি স্ক্যান করতে পারবেনঃ

- সনদের নম্বর
- পণ্যের ধরণ
- বর্তমান সনদের অবস্থা
- রপ্তানিকারক
- মালের প্রাপক
- জাহাজ ছাড়ার তারিখ

QR কোডটি নিম্নোক্তভাবে পড়া যাবেঃ

- ডিপার্টমেন্ট এর 'সার্টিফিকেট স্ক্যানার' অ্যাপ্লিকেশন ব্যবহার করে যা গুগল প্লে স্টোর অ্যাপল অ্যাপ স্টোর থেকে বিনামূল্যে পাওয়া যাবে।

অথবা

- যদি অ্যাপটি ডাউনলোড করা না যায় তাহলে একটি যথাযথ স্মার্ট ফোন এর ক্যামেরার মাধ্যমে QR কোডটি স্ক্যান করা যাবে, যা মালের প্রাপকের সত্যতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় নির্দিষ্ট তথ্য সরবরাহ করবে। এই পদ্ধতি ব্যবহার করলে যে ওয়েবসাইটে নিয়ে যাওয়া হচ্ছে সেটি <https://online.agriculture.gov.au/.....> ঠিকানা দিয়ে শুরু হচ্ছে কিনা তা দেখে নেওয়া জরুরী।



## রপ্তানি সনদ ব্যবস্থার আধুনিকায়ন

আমরা EXDOC এর পরিবর্তে নেক্সট এক্সপোর্ট ডকুমেন্ট সিস্টেম (NEXDOC) নামে একটি নতুন পদ্ধতি চালু করতে যাচ্ছি।

NEXDOC অস্ট্রেলিয়ার রপ্তানি সনদ ব্যবস্থাকে আরও সুরক্ষিত করবে এবং বাণিজ্য পরিস্থিতির পরিবর্তনের সাথে সাথে এটি পরিবর্তিত হবে। এর মধ্যে আমদানিকারক দেশ দ্বারা অনুরোধকৃত পরিবর্তনগুলি অন্তর্ভুক্ত রয়েছে। আমাদের

NEXDOC আমাদের বর্তমান সনদ ব্যবস্থা কিংবা রপ্তানির উপর আমাদের নিয়ন্ত্রনকে পরিবর্তন করবে না।

## যোগাযোগ

কোন ধরনের বামেলা ছাড়াই নতুন রপ্তানি সনদ ব্যবস্থা চালু নিশ্চিত এবং বানিজ্যের ক্ষেত্রে যেকোনো ধরনের বাধা বিলম্ব কমিয়ে আনার জন্য আমরা আমাদের বাণিজ্য অংশীদারদের সাথে কাজ করে যাচ্ছি। আপনার যদি কোন প্রশ্ন, মন্তব্য অথবা উদ্বেগ থাকে তাহলে [Exports](#) এর সাথে যোগাযোগ করুন।